# ষষ্ঠ অধ্যায়

# বাঁকুড়ার সংগৃহীত প্রবাদমালা : শব্দগত অভিনবত্ব বা প্রাসঙ্গিক বিষয়

আর্থ-সামাজিক দিকে পিছিয়ে পড়া শহরের শিক্ষা ব্যবস্থা, অনুন্নত যোগাযোগ ব্যবস্থা, রুক্ষ প্রকৃতির ভৌগোলিক পরিবেশগত কারণগুলি বাঁকুড়ার ভাষা-সমাজ-সংস্কৃতিকে স্বতন্ত্র করেছে। পিছিয়ে পড়া বাঁকুড়ার এই ভাষা-সমাজ-সংস্কৃতি সহজ ভাবে সাহিত্যে স্থান দখল করতে পারে নি। কারণ এই অঞ্চলের মানুষের ভাষা-সমাজ-সংস্কৃতি, সভ্য সমাজের কাছে আজও অনাদৃত, পদদলিত। মান্য ভাষা-সমাজ-সংস্কৃতি সাহিত্যের সূচনা লগ্ন থেকে সৃষ্ট সমাজে সমাদৃত হয়ে আছে। আর অযত্নে লালিত বাঁকুড়ার প্রাচীন ঐতিহ্যগুলি অন্ধকারের অতল গভীরে নিমজ্জিত। যদিও আধুনিক গবেষণায় এই ভাষা হয়ে উঠেছে বহুল চর্চিত যা প্রাচীন বাঁকুড়ার সমাজ-সংস্কৃতি-ভাষাকে পুষ্ট করে চলেছে।

এক অজানা রহস্যের ভাণ্ডার হল বাঁকুড়ার প্রাচীন সমাজ-সংস্কৃতি-ভাষা। মেট্রোপলিটন শহরাঞ্চলের আধিপত্যে বাঁকুড়ার বিভিন্ন ব্লকের গ্রাম ও শহরের ব্যবহৃত মৌখিক ভাষার প্রভেদ বহুল পরিমাণে লক্ষ্য করা যায়। শহরতলি এলাকা থেকে প্রত্যেকটি ব্লকের বাজার অধ্যুষিত অঞ্চলগুলির (যোগাযোগ, শিক্ষা ব্যবস্থার দরুন) মৌলিক শব্দ ও উচ্চরণ ভঙ্গির পার্থক্যও লক্ষ্য করা যায়। অপর দিকে গ্রাম ও গ্রামের প্রান্ত স্থানগুলিতে বাঁকুড়ার মৌলিক শব্দ ও বিশিষ্ট বাচনভঙ্গি মানুষের মুখে সীমাবদ্ধ রয়েছে। এই স্বতন্ত্রই বাঁকুড়ার সমাজ-সংস্কৃতি ও আঞ্চলিক ভাষাকে এক বিশিষ্ট মাত্রা দান করেছে। ফলে গ্রামের প্রান্তিক অঞ্চলগুলিতে পুরাতন শব্দকে পরিত্যাগ না করে সযত্নে ব্যবহার করে চলেছে। শব্দ উচ্চারণের বিশিষ্ট কৌশল, শব্দ বিন্যাস, মৌলিক শব্দগুলি দৈনন্দিন জীবনাচরণে স্বতঃস্ফূর্ত ভাবে প্রবাদে উচ্চারিত হয়। বাঁকুড়ার ২২টি ব্লকের ক্ষেত্রসমীক্ষা থেকে সংগৃহীত প্রবাদগুলির শব্দগত অভিনবত্ব বা প্রাসঙ্গিক বিষয়টি একটি তালিকায় বিবৃত করা হলঃ

| ক্র. | প্রবাদ | শব্দ | অর্থ | শব্দের উৎস | প্রবাদের অর্থ (সংক্ষিপ্ত) | প্রবাদে শব্দ,বাক্য পরিবর্তন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ভুজনার ভাত উতুলা | ১. ভুজনা<br>২. উতুলা | ১. অন্নপ্রাশন<br>২. উপচে পড়া | ১.সং ভুজ্<br>২. সং উৎ-স্থল ক্রিয়াপদ | স্মৃতি রোমন্থন করা অর্থাৎ বৃদ্ধ বয়সে ছোটবেলার স্মৃতিচারণা করা। | | বাঁকুড়া অঞ্চলের ‘বমি’ করাকে উতুলা বলা হয়। |
| ২ | ক্যান্দ গাছে ক্যাল্ল্যাই ট্যা। | ১. ক্যাল্ল্যাই<br><br>২. ক্যান্দ | ১. সাধারণত গাঢ় বাদামী রঙের বহুপদ বিশিষ্ট, কীট বিশেষ যা ভয় পেলে গোল হয়ে গুটিয়ে যায়। এর মান্য ভাষা-কেন্নো<br>২. হলুদ বর্ণ বিশিষ্ট কেন্দু গাছের পাকা ফল।<br>বাঁকুড়াবাসীর কাছে কেন্দ ফল নামে পরিচিত। এর মান্য ভাষা কেন্দু। | | উজ্জ্বল বর্ণের পোশাক পরে থাকা কালো বর্ণের মানুষের প্রতি বিদ্রুপ বা কটাক্ষ করা। | | বাঁকুড়া অঞ্চলের কেন্নো লাল রং এর হয়ে থাকে। কেন্দু গাছের কাণ্ড কালো রং এর। কেন্দুগাছের উপর কেন্নো থাকলে লাল ও কালো রং এর বৈপরীত্য সৃষ্টি করে। এটি বিষ্ণুপুরের একটি নিজস্ব প্রবাদ। |
| ৩ | বন থেক্যে বেরাল্য হাঁতি লইটক্যা লইটক্যা কান / ব্যাঁত দিগে ছেল্যা হয় দেগরে ভগবান ।(বিষ্ণুপুর) | ১. ব্যাঁত<br>২. লইটক্যা | ১. মুখ গব্বর<br>২. ঝুলে যাওয়া | ১. সং বক্ত্র।বি.<br>২. লড়+কা> লটকান। | দীর্ঘদিনের অভিজ্ঞতা সম্পন্ন<br>এটি বুদ্ধির খেলা। কলা গাছের সম্পর্কে বলা হয়েছে<br>কৌতুকের মাধ্যমে। | বন থেক্যে বেরাল্য হাঁতি লইটক্যা লইটক্যা কান ব্যেঁত দিগে ছেল্যা ছয় দেখরে ভগবান। (রাইপুর)। কোথাও ‘ব্যাঁত’ স্থানে ‘মুখ’ শব্দটি ব্যবহৃত হয়েছে। (সারেঙ্গা,তালডাংরা) লইড়ক্যা>লইটক্যা। | বাঁকুড়ার একটি নিজস্ব শব্দ ব্যাঁত। এই প্রবাদটি ধাঁধা হিসাবেও পরিচিত। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | কানের গড়াই চামনির বাসা। (বিষ্ণুপুর) | ১. চামনি<br>২. ডেঙর | ১.ছোট উকুন বা উকুনের ছানা<br>২. আকারে বড় উকুন | ১. সং চর্মণা চামনা>চামনি। তদ্<br>২. সং ডাঙর>ডোংগর> ডেঙর। | ব্যক্তির পশ্চাতে শত্রুর অবস্থান। সতর্ক করার জন্য প্রবাদটি উক্ত হয়ে থাকে। | কানের গড়াই ডেঙরের বাসা। (বিষ্ণুপুর) | |
| ৫ | ভিক্কার চাল আবার কাঁড়া আকাঁড়া। (বিষ্ণুপুর) | ১. কাঁড়া<br>২. আকাঁড়া | ১. খোসা বা ছাল ছাড়ানো।<br>২. খোসা বা ছাল ছাড়ানো হয়নি এমন। | ১. সং কাণ্ড<br>২. বাং আ+কাঁড়া। বিণ. | দয়ার দানের ভাল-মন্দ বিচার অর্থহীন। | ভিক্কার চাল কাঁড়া না আঁকাড়া। (ওন্দা) | |
| ৬ | বাঘ নাই বাঘিনীর উদবাদায়। | উদবাদায় | উপদ্রব> উদবাদায় | সং উপ+ দ্রু+অ। | পুরুষতান্ত্রিক সমাজে নারীর উপদ্রব। | | |
| ৭ | ভাইত্যে ক্যান্যে ধান/ধান সিজ্যা মাগীকে আন। | সিজ্যা | জলে ও তাপে সেদ্ধ করা | ধা. (নিজন্ত) সিদ্ধ করা<সিজ ।তদ্ | পুরুষতান্ত্রিক সমাজে নারীরা সর্বদা দোষী। | | |
| ৮ | নিশি লাইগল্য নাই সরু দাঁত্যে/ নিশি রইল আমার সান বান্দান ঘাট্যে। | ১. নিশি<br>২. সান বান্দান | ১. তামাক চূর্ণ এবং হীরাকস ইত্যাদি দিয়ে দাঁতের মাজন বিশেষ।<br>২. ইঁট বা পাথর নির্মিত | ১. হি. মিসমী। মিশি>নিশি।<br>২. (পা) ষাণ+বন্ধক | সংসারের জাঁতা কলে পড়ে, সান বান্দান ঘাটে নিশি লাগানোর মতো সময় জোটে না। | | আলোচ্য প্রবাদটি একান্ত নারী মনের ভাবনা। |
| ৯ | শিইখ্যে ছিল্যম হুরহুররি কাল্যে / ভুইল্যে গেল্যম ভাতার কাল্যে। (ঝাঁটিপাহাড়ী) | ১.হুরহুরি কাল<br>২. রং রং কাল<br>৩. ভাতার কাল<br>৪. শোলক | ১. কৈশোর উত্তীর্ণকাল।<br>২. কৈশোর উত্তীর্ণকাল।<br>৩. সংসার জীবন<br>৪. ছন্দ বিশিষ্ট দুই বা চার পদ বিশিষ্ট কবিতা বা ছড়া। | ৩. সং ভর্তৃ (কাল)।<br>৪. সং শ্লোক। বি. | বিবাহ পরবর্তী জীবনে সংসারের চাপে বাপের বাড়ির পুঁথিগত শিক্ষা ভুলে যাওয়া। | শিখে ছিলম রং রং কালে / ভুলে গেছি মহাজঞ্জালে। (বীরসিংহ)<br>শলক ছটাক শিখ্যে ছিল্যম যৌবনেই কাল্যে / এখন সব ভুল্যে গেছি ছেল্যার | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | জঙ্গলে। (রায়পুর) | |
| ১০ | গরীব যারা রইল গরীব তরা<br>ভটভটি গিলা চাঁপাইলিলি / কত রকম ফিকির কইর্‌য়ে মানুষ গিলা ভুলাই লিলি। | ১. ভটভটি<br>২.ফিকির | ১. মোটর সাইকেল। যে সব যানবাহন ভটভট শব্দ করে চলে।<br>২. কৌশল বা মতলব বা ফন্দি। | ১. ভট ভট (অব্যয়)। ধ্বন্যাত্মক।<br>২. আ. ফিক্‌র। | বঞ্চিত দরিদ্র মানুষের প্রতি আক্ষেপ। | | রাজনৈতিক অবস্থাকে সুন্দরভাবে চিহ্নিত করেছে। |
| ১১ | বেট্যা আমার র‍্যা কাড়ে নাই বহুমাগীর শিইখনাত্যে / ছমাস হইল মায়ে ডাকে নাই / বিহান মাগীর কথাত্যে। | র‍্যা কাড়া | কথা বলা। | সং রব>রা। | স্ত্রৈণ পুত্রের সম্পর্কে অবহেলিত মাতার উক্তি। | | প্রতিবাদী নারীসত্তার প্রকাশ। |
| ১২ | লাগিস না লেগ্যে যাব্য / শিয়াকুলে বাদাড়ে দুব্য। | ১. শিয়াকুল<br>২. বাদাড় | ১.বুনো গাছ কাঁটা যুক্ত।<br>২. ছড়ে যাওয়া বা আঁচড়। | ১. শিবা + কোলিক, অর্বা সং শৃগালকোলি। তদ্<br>২.ঝাঁড় ।দেশী। ক্রি. | কলহ পরায়ণ নারীর কোন্দলের সূচনা। | | |
| ১৩ | মদ খালি হেথ্যা সেথ্যা গামছ্যা হারালি কুথ্যা / গামছ্যা হারালি সেত লালাত্যে। | সেত লালা | সরু নালা। | নালা>লালা। (কথ্যভাষা) জলপ্রণালী। সং নালক। বি. | মদ্যপ্য ব্যক্তির তাল জ্ঞান সঠিক থাকে না। | | |
| ১৪ | গিটকে গিট রয়ে গেল / মাকুটি গলে গেল। | ১. মাকু<br>২. গিঁট | ১. সুতো পাকাবার ও গুটাবার বস্তু/যন্ত্র।<br>২. বাঁধন। | ১. সং মঙ্কুক। বি.<br>২. সং গ্রন্থি। | চতুর ব্যক্তিরা নিজের গা বাঁচিয়ে চলে। | | এই মাকুর সাহায্যে বিভিন্ন শাড়ির বিভিন্ন নক্সা তৈরি হয়। |
| ১৫ | আল ভেঙ্গে জল যাচ্ছে / ভালুকে তালি মারছে। | আল | সীমানা চিহ্ন (অনুচ্চপ্রাচীর)। | সং আর। বি. | একজনের ক্ষতিতে অপরজনের আনন্দ প্রকাশ। | | |
| ১৬ | কোদালে কুড়ুলে মেঘ দেখিলে | | ১. বিন্যাস করা বা কাজ | ১. প্রাকৃ. বগ্‌গাহ | পূর্বে প্রস্তুতি থাকলে কর্মে | | খনার বচনটি প্রবাদে পরিনত |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | / চাষিকে বলে বাগাগে হাল। | ১. বাগা<br>২. হাল | গোছানো।<br>২. নাঙল বা গাড়ির চাকার লোহার বেড় বা লোহা ইত্যাদি ধাতুর লম্বা পাটি। | সং বল্গা+বাং আ।<br>২. সং হল+আ।<br>বি. | সহায়তা আসে। উপযুক্ত বৃষ্টিপাতে উর্বর মৃত্তিকায় ফলন ভাল হয়। | | হয়েছে। |
| ১৭ | আঁড়স্যা খেয়েচু / আঁড়স্যার ফর গুনুস নাই। (বিষ্ণুপুর) | ১. আঁড়স্যা<br>২. ফর | ১. রস শূন্যবড়া জাতীয় পিঠে।<br>২. শূন্য বা ফাঁপা। | ১. সং অরস>আ্যরসা> আঁড়স্যা।<br>২. ফোর>ফর। সং স্ফোটক।বি. | রঙ্গ রসিকতার মাধ্যমে আহারত ব্যক্তিকে বলা হয়েছে।<br>আঁড়স্যা পিঠের ফোঁড় বা ছিদ্র গোনা সম্ভব নয়। | আঁড়স্যা খ্যাইছ্যুঁ / আঁড়স্যার ফর গুনুস নাই। (খাতড়া) | অগ্রহায়ণ মাসে চালের গুড়ো, দুধ, নারকোল সহযোগে ইতু ঠাকুর বিসর্জনের দিন এই পিঠে বানানোর রেওয়াজ আছে। এই অঞ্চলের মানুষেরা ‘আঁশকে’ পিঠেকে ‘আঁড়স্যা পিঠ্যা’ বলে। (বহড়া মুড়ি) |
| ১৮ | ভাবের ভবানি পান্ত ভাতে আমানি। | আমানি | জলে ভেজানো বাসি ভাত। | সং অম্ল +পানীয়।<br>বি. তদ্‌। | দরিদ্র মানুষগুলির আহারের সম্বল পান্তাভাত আর আমানি।ভবের সাথে যেমন ভবানির সম্পর্ক তেমনি পান্তাভাতের সঙ্গে আমানির সম্পর্ক। | | গ্রামাঞ্চলে অশিক্ষিত মানুষের মুখে অজ্ঞাতভাবে ভব শব্দটি ভাব হয়েছে। |
| ১৯ | বামুন লয় পরকে / বাউরি লয় ঘরকে। | বাউরি | নিম্নবর্ণের সম্প্রদায় / নিম্ন শ্রেণীর বাঙালি হিন্দু জাতি বিশেষ। | সং বগুরা। | বামুন পরের জন্য নয়, বাউরি ঘরের জন্য নয়। স্বার্থপর ব্রাহ্মণ, নিজ পরিবারের চিন্তা ছাড়া জানে না।তেমনি বাউরি সম্প্রদায় নিজ ঘর-বাড়ি-আত্মীয়-স্বজনের কথা ভাবে না। | | ব্রাহ্মণ এবং বাউরি সম্প্রদয়ের স্বভাবগত চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখিত হয়েছে প্রবাদে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২০ | আপন পানে চায় না বুড়ি / পরকে বলে তবড়াগালি। | তবড়াগালি | শুকনো গাল / বসে যাওয়া গাল / চুপসানো গাল। | আ. তোবরা। বিণ. | স্বার্থপর আত্মঅহংকারী নারীরা নিজের রূপকে ভুলে গিয়ে পরের রূপের বিচার করা সঠিক নয়। | | |
| ২১ | কানা মাড় খাবি / না নুন হাতে। | মাড় | পেষণে নির্গত রস বা ভাতের ফ্যান। | বাংমণ্ড। বি. | অযাচিত উপস্থিত। | | |
| ২২ | কুথাউ কিছু নাই ফফর দালালি। | ফফর দালালি | যে ব্যক্তি অযাচিত ভাবে মাতব্বরি করে / অপরের ব্যপারে হস্তক্ষেপ করে, উপর পরা হয়ে। | হি. ফফড়+আ. দালাল। বি. | সেই সব মানুষ যারা কথায় বেশি কাজে কম। | কুথাউ কিছু নাই একঘর ঠাকুর।(বিষ্ণুপুর) | |
| ২৩ | এ্যঁড়্যার মতন ভাইলে থাক্যে / ছুটু দেউরট্যা। | এ্যঁড়্যা | বলদ,ষাঁড়, বৃষ। | সং অণ্ড+বাং. ইয়া>এ।বি. | পতিপরায়ণ নারীর সুখ-সংসারে দুষ্ট দেওর অশান্তির সমতুল্য। | এ্যঁড়্যার মতুন চ্যাঁয়ে থাক্যে ছট দেউরট্যা। (ছাতনা) | |
| ২৪ | উদমা ঢেঁকির হড়কা পাহার। | ১. উদমা<br>২. পাহার<br>৩. হড়কা | ১. ফালতু<br>২. পা দেওয়া<br>৩. হড়কানো বা পিছলে যাওয়া। | ১. সং উদ্দাম<br>২. সং পাদ। ক্রি.<br>৩. দেশি। ক্রি.বি। | ফালতু কাজে ক্ষতির সম্ভবনা বেশি। | | |
| ২৫ | ধন যৈবন আড়াই দিন / চামের চ্যখে মানুষ চিন। | ১.চামের চ্যখে<br>২.যৈবন | ১. চর্মচক্ষু<br>২. যৌবন | ১. সং চর্ম।<br>২. সং যুবন+অ। | চর্মচক্ষুতে মানুষ চেনার কথা বলা হয়েছে। | | |
| ২৬ | মালিকে ভাইঙ্গল্যে হাঁড়ি হয় খলা / বৌ ভাইঙ্গল্যে হয় খলমকুচি। | ১.খলমকুচি<br>২.খলা | ১.পোড়া মাটির হাড়ি ভাঙার টুকরো।<br>২. পোড়া | ১. বাং খোলা+সং অঙ্গ + সং কৃত্তিরন। বি. | একই কাজে শাশুড়ির বেলায় ভাল।অথচ বধূর বেলায় খারাপ। | | বাড়ির মালিক-শাশুড়ি বা শ্বশুরকে বলা হয়েছে। যার হাতে |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মাটির হাড়ি বা মাটির পাত্র। | ২. অর্বা সং খোলক। বি. | | | সংসারের সমস্ত দায়িত্ব বর্তায়। |
| ২৭ | যাব্য তুর বাড়ি বইলে ছিলি / আগুড় খুলে সারা রাত ভাইলছিলি। | আগুড় | হালকা ছোট দরজা বা বেড়ার ঝাঁপ। | সং অর্গল। আগড়>আগুড়। (কথ্য) | প্রেমাস্পদের নিকট আত্মসমর্পন। | | |
| ২৮ | মুখ হলসা ভিতর গুঁজা দিঘল ঘমটা নারী / পানা পুখুরের ঠাণ্ডা জল / বড়ই মন্দকারি। | ১. হলসা<br>২. দিঘল | ১. জটিলতা<br>২. লম্বা / উচ্চ | ১. সং প্যাঁচাল।<br>২.সং দীর্ঘল। তদ্ | দির্ঘদিনের অভিজ্ঞতায় প্রবাদ শিক্ষাদেয় যে নারীর মুখ হলসা এবং দীর্ঘ ঘোমটাধারী হয় সে সব নারীরা পানায় ঢাকা পুকুরের ক্ষতিকারক জলের সমতুল্য। | | |
| ২৯ | পরভাতি হলেও / পরভাতারী হতে নাই। | ১. পরভাতি<br>২.পরভাতারী | ১. গলগ্রহ বা ভাতের জন্য অন্যের ওপর নির্ভরশীল।<br>২.পর-পুরুষ। | ১. সং অপর + ভক্তিক। বি.<br>২. সং ভতৃ। স্ত্রী লিঙ্গ। (ভাতারী) | গ্রাসাচ্ছাদনের জন্য পরের উপর নির্ভর করলেও পরপুরুষের ওপর নির্ভরশীল হতে নেই। | | স্ত্রীরা পতিভক্তির প্রতি সমাদার চিরকাল পেয়ে থাকে। সতী সাবিত্রী ইত্যাদি পৌরাণিক নারীদের নাম উল্লেখ করে এই প্রবাদ বলে থাকে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩০ | তেলের ভাঁড়ে তেল নাইক / দশনে মারে ঘা। | দশন | তেল দেওয়ার পাত্র। | সং দশন্>অন | গরীবের দুর্দশার অন্ত নেই। | | অর্থনৈতিক অবস্থা তুলে ধরা হয়েছে। |
| ৩১ | ট্যানা নাই ফ্যানা আছে। | ট্যানা | পুরানো কাপড়ের টুকরো। | তানা>তেনা> টেনা> ট্যানা। | শূণ্য গর্ভ মানুষের আত্ম অহঙ্কার। | ন্যানাটা নাই ফ্যানাট্যা শক্ত। | |
| ৩২ | অগা লোকের কাজ ঝশমারি। (ভড়া) | ১.ঝকমারি<br>২. অগা<br>৩.বুজা<br>৪.এ্যালাবেল্যা | ১. সমস্যা, বিপদ।<br>২. মুর্খ বা নির্বোধ জ্ঞানহীন ব্যক্তি।<br>৩. অনুধাবন করা।<br>৪. তুচ্ছ তাচ্ছিল্য অর্থে। | ১. সং অ (ধ্যক্ষ)। ঝক+মার<br>২. সং,অজ্ঞ+-ক (কথ্য)।<br>৩.বোঝা> বুজা। সং বুধ্যক।<br>৪. হেলাফেলা। | কর্মক্ষেত্রে নির্বোধ মানুষেরা বিভ্রাটের সৃষ্টি করে। | অগা লককে বুজা ঝকমারি। (বিষ্ণুপুর)<br>এ্যালাবেল্যা লক হলে বুজা ভার। (বিষ্ণুপুর) | একই অর্থের প্রবাদ বিষ্ণুপুর ব্লকের মানুষের মুখে ভিন্ন ভাবে উচ্চারিত হয়। |
| ৩৩ | বাউরির বিরির ডাল। | ১. বাউরি<br>২.বিরির ডাল | ১. নিম্নশ্রেণীর বাঙালিহিন্দু জাতি বিশেষ।<br>২. বিউলি কলাই বা খোসা ছাড়ানো মাস কলাই। | ১. সং বগুরা।<br>২.সং বিদলিত। | নিম্ন শ্রেনীর দরিদ্র মানুষেরা সর্বদা আত্মসন্তুষ্ট থাকে। নিত্য দিন ভাত ও বিউলির ডাল আহারেই তারা সুখ শান্তিতে থাকে। | | |
| ৩৪ | পালা শাঁখারি, কাঁথ জাঁকা যাবি। | ১. কাঁথ<br>২. জাঁকা | ১. দেওয়াল বা আবরণ ।<br>২. চাপা দেওয়া বা ঢেকে দেওয়া। | ১. সং কন্থা। তদ্।<br>২. সং জাগ্/ ঝাঁক। ক্রি. | ভীতু দুর্বল শাঁখারি জাতির পশ্চাদ্পসরণের কথা বলা হয়েছে। মানুষকে প্রতিবাদী হওয়ার | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | কথা ঘোষণা করা হয়েছে। | | |
| ৩৫ | খর জ্বালে সরু চুকলি মন্দা জ্বালে আঁশক্যা/ আঁশক্যা খেয়ে ফর গুনবি/নইলে যাবি ফসকে। | ১. আঁশক্যা<br>২. সরুচুকালি | ১. চালের গুঁড়ো দিয়ে তৈরি গোলাকার ছাঁচের তৈরী পিঠে।<br>২. হাতে তৈরী সরু গোলাকার পাতলা রুটির মতো<br>চালগুড়ির পিঠে। | ১. সং অরস> অ্যারসা।<br>২. বাং সরু+ চক্রালিকা। বি. | হিন্দুদের পূজা-পার্বন-অনুষ্ঠানে সংসারী নারীরা বিভিন্ন,পিঠে তৈরীর নিয়ম বর্ণনা  করেছেন কৌতুকের মধ্য দিয়ে। | | ভাদ্র মাস, শ্রাবণ মাসে এই পিঠে ঘরে ঘরে তৈরিকরার রেওয়াজ আছে। শুধু মাত্র পিঠে খেয়েই দিন যাপন করে। |
| ৩৬ | গ্যাঁড়গ্যাড়্যাতে ভর্তি পুর / মিষ্টি পিঠ্যা খেজুর গুড়। | গ্যাঁড়গ্যাড়্যা | হাতে তৈরী একপ্রকার সেদ্ধ পিঠে। | সং ✓ঘট>বাং ✓গঠ্>✓ গড়+ আ= গড়া> গড়্যা। বি.(অনুকার) | হিন্দুদের মকর পরবের অনুষ্ঠান।গ্যাঁড়গ্যাড়্যা পিঠাকে সুস্বাদু করার পদ্ধতি বর্ণনা আছে প্রবাদটিতে। | | মকর পরবের দিনে ভোর বেলায় টুসু বিসর্জন দিয়ে চাঁছি, নারকোল পুর দিয়ে চালের সেদ্ধ পিঠে বানানো হয়। এটি বাঁকুড়ার একটি বিশেষ রীতি। |
| ৩৭ | রামের মা কৌশল্যা রানি / ভাত দিয়ে খা জন্দা আমনি। | ১. জন্দা<br>২. আমানি | ১. টক<br>২. জলে ভেজানো বাসি ভাত। | ১. সং জন্দা বিণ.<br>২. সং. অম্ল+পানীয়। তদ্। | বাহ্যিক আড়ম্বর পূর্ণ মানুষের ভেতরটা শূণ্য গর্ভ। | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৮ | পিঠা পরব মিঞাদের<br>গরব / ভুঁয়ে না পড়ে পা /<br>মরদকে<br>গটা গটা নিজেরা ভাঙ্গা গুলা খা। | ১. ভুঁই<br>২. পরব<br>৩.মরদ<br>৪. গরব | ১.মাটি<br>২. উৎসব<br>৩. পুরুষ<br>৪. অহংকার | ১. সং ভূমি<br>২. সং পর্ব<br>৩. সং মৃদ<br>৪. গর্ব > গরব। | সংস্কারী পতিপরায়ণ গর্বিতা নারীরা স্বামী সেবায় আত্মত্যাগ করে। | | |
| ৩৯ | খেটে লুটে আড়াইয়ে / সন্ন্যা করো বারো মাস। | সন্ন্যা | সজনা বৃক্ষ বিশেষ। | বাং সজিনা। | সজনে গাছ বারোমাস উপার্জনের রাস্তা। | খেট্যা লুট্যা আড়াইয়ে / সন্ন্যা বার মাস। (ভড়া) | স্থান ভেদে প্রবাদটির অর্থ হল খেটে, নটে শাক আড়াই মাস পর্যন্ত পাওয়া যায় আর সজনে শাক সারা বছর পাওয়া যায় ।খেট্যা >খেটে শাক। লুট্যা>নটে শাক। |
| ৪০ | গুমা হলেও ময়দা ভাল / বেদা হলেও বনাদী বঠে। | ১. গুমা<br>২. বেদা | ১. সোঁন্দা বা গরমের জন্য হঠাৎ পচা ভ্যাপসা গন্ধ।<br>২. বেজন্মা বা অসতীপুত্র। | ১. সং গ্রীষ্ম>প্রা. গিমা>গুমা। দেশী। বি.<br>২. বেদো>বেদা।<br>তদ্ (কথ্য) | ঐতিহ্যপূর্ণ বনেদী জাতীর সমাজ সংস্কৃতির প্রতি মর্যাদা প্রদান। | | আটা গমের তৈরি এবং ময়দা গমের তৈরি। বঁকুড়ায় ময়দাকে রুল ময়দা বলে। |
| ৪১ | এ্যক চখা গিরি ভাল লয়। | এ্যক চখা | এক চোখ কানা। | এ্যক চক্ষুয়া>এ্যক চখা।<br>(কথ্য) একচুক্ষ + -উক+ - আক। বিণ. | পক্ষপাত দুষ্ট ব্যক্তি সু বিচারক হতে পারে না। | | |
| ৪২ | এ্যঁড়্যা গরু না টেনে দু। | এ্যঁড়্যা | বলদ বা ষাঁড়।<br>(পুং লিঙ্গ) | এঁড়ে>এ্যঁড়া।<br>(কথ্য) সং অণ্ডক। বি. | অসম্ভব কাজ বাস্তবায়িত হয় না। | | |
| ৪৩ | দুশমনকে উচ্চ পিড়িয়্যা। | ১.পিড়্যা<br>২. দুশমন | ১.কাঠের নির্মিত বসার আসন | ১. সং পীঠক/ পিণ্ড+-ক। তদ্। বি. | অত্মরক্ষার্থে শত্রুকে সর্বদা সম্মান বা উচ্চ | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | বা জিনিস।<br>২. শত্রু | ২. দুশমন। হি.। | স্থান দেওয়া দরকার। | | |
| ৪৪ | কচলা কাপড় ছাড়তে নাই। | কচলা | ধোয়া বা জলডুবিয়ে পরিস্কার করা। | সং জল+কৃত্য। তদ্‌ | ভাগ্য সুপ্রসন্ন হলে যে কোন কর্ম ত্যাগ করতে নেই। | | |
| ৪৫ | খইস্যা বুড়ি খোষ ল্যে / দ্যাইদ্যা বুড়ি দাদ ল্যে। | ১. খাইস্যা<br>২. দ্যাইদা | ১.যার খোস আছে (চর্ম রোগ বিশেষ)।<br>২. যার দাদ আছে। (চাকার মতো ও চুলকানি যুক্ত চর্মরোগ বিশেষ)। | ১. সং খস। বি.<br>২. সং দদ্রু। বি. | কোনো নারী তার সমস্ত খারাপ চর্মরোগকে অপর নারীর দেহে যাতে সংক্রামিত হয় সেই উদ্দেশ্য (কলহের সময়) প্রবাদটি বলা হয়ে থাকে। | | চর্মরোগের কথা তুলে ধরা হয়েছে। |
| ৪৬ | বতর প্যালে ব্যাঙও গড়াল তুলে। (বিষ্ণুপুর) | ১. বতর<br>২. গড়াল<br>৩. ক্যাঁত | ১. মৌশুম বা আবহাওয়া।<br>২. পায়ের নিম্নতম অংশ।<br>৩. লাথি মারার শব্দ। | ১. সং সানতালি বতর।<br>২. গড়াল>গড়ালি।<br>বাং গোড়+সং পালিক।<br>৩. অবং (ধ্বন্যা) | অসময়ে কেউ সাথ দেয় না, উল্টে দুর্ব্যবহার জোটে। | হাঁতি যখন ক্যাঁতে পড়ে চামাচিকাতে লাথি মারে। (বাঁকুড়া-১) | অন্য অর্থে বলা যায়, সুযোগের সৎ ব্যবহার। |
| ৪৭ | দুধ গুড়া নাই শুকনা চিঁড়্যা / প্যাট পুরে খা আমার কিরা্যা। | কির‍্যা | প্রতিজ্ঞা বা শপথ বা চুক্তি। | সং আ কেয়ারা (=চুক্তি) কিরা> কির‍্যা (কথ্য) বি. অথবা কিরিয়া। হি. ক্রিয়া। | অপূর্ণ উদরে শুকনো চিঁড়া মুখে রুচে না তাই শপথ করানো হয়েছে। | | দরিদ্রপূর্ণ মানুষগুলি দৈনন্দিন জীবনাচরণের কথা প্রকাশ পায়। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪৮ | উপরটায় চিকন চাকন / ভিতরটায় পুয়াল পুজা। | পুয়াল | খড় / বিচালি। | সং পলাল। বি.। (পয়াল>পুয়াল) | বাহ্যিক আড়ম্বর পূর্ণ মানুষের ভেতরটা শূণ্য গর্ভ। | | |
| ৪৯ | তেলি, তামলি, খয়রা, ময়রা, ফ্যাবড়াই দিলে খলা খপরা। | ১. ফ্যাবড়া<br>২. খপরা | ১. ছোঁড়া<br>২. মাটির হাঁড়ির ভাঙা টুকরো। | ১. বাং পাব (<সং পর্ব)। ফাব+ড়া<br>২. সং খর্পর। | চার জাতির প্রতি অমর্যাদা। | | অর্থাৎ এই জাতিগুলির প্রকৃত জ্ঞানের অভাব । প্রবাদে সেই কথাই তুলে ধরা হয়েছে। |
| ৫০ | এত যদি সুখ কপাল্যে / তবে ছেঁড়্যাকাঁথ্যা ক্যান্যে কাগ বগল্যে। | কাঁ্যাথা | ছেঁড়া বা সেলাই করা<br>পুরানো কাপড়ের উড়ানি। | অর্বা সং কন্থক। বি. | দরিদ্র মানুষের ভাগ্য সর্বদা সহায় থাকে না। | | |
| ৫১ | জল দিলে হয় ক্যাল্য / কুইলা ছুঁড়িকেকে বলে ভাল্য। | কুইলা ছুঁড়ি | দুর্ভাগা কালো যুবতী<br>মেয়ে। | কাইলানি>কুইলা (কথ্য) আ-কাহেল+ সাং ইনী। বিন. | কালো রূপের নারী সমাজে সর্বদা পদদলিত। | | |
| ৫২ | মাথাই রাইখল্যে ইকুনে খাই / ভুঁয়্যে রাইখল্যে পিমড়াই খায়। | ১. ইকুন<br>২. পিমড়্যা | ১. উকুন (চুলের পোকা)।<br>২. পিঁপড়ে | ১. উকুন>ইকুন (কথ্য)সং উৎকুণ।<br>২. সং পিপীলীকা। বি. | অতি আদরে সম্মান নষ্ট। | | |
| ৫৩ | রাত পুহাল্যে হল্য দিন / বদর বদর সারা দিন। | ১.পুহ্যালে<br>২. বদরবদর | ১. কাটানো<br>২. বকবক<br>করা | ১. সং প্র-ভা>প্র-পহা> পুহা<br>২. বতর বতর<br>ক্রি.বিণ.। অনুশব্দ | গুরুত্বহীন নারী। | | |
| ৫৪ | শাশুড়ি ননদে কয় / ডালে ডাঁটা দিলে ভাল হয় / আমি যে গরীবের | ১. পঁটা<br>২. ডাঁটা | ১. মাছের তেল।<br>২. ডাঁটা | ১.সং পট্টক>পট্টঅ>পটা। | দরিদ্র অবহেলিত নারীর প্রতি উক্তি। | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ঝি / আমি শাগে পঁটা দিয়েচি। | | | ২. সং দণ্ড+ক। | | | |
| ৫৫ | ব্রাহ্মণকে গরু দান এ্যাক চ্যোখ তার কানা / ব্রাহ্মণকে বস্ত্রদান সহস্র তাঁতে বোনা / বারমহলকে জমি দান ছিটকুঁড় তার মানা। | ছিট কুড় | নানাবর্ণ চিত্রিত ছেঁড়া কাপড়ের সঞ্চিত দ্রব্যের স্তূপ। | ক্ষিপ্ত+চিত্র। সং কূট+ | দুর্বল নিচু জাতের মানুষদের নানান ছলনায় উচ্চবর্ণের মানুষেরা অধিক দান সামগ্রী পাবার আশা করে। | | উচ্চারণ ভেদে বাহ্মণ শব্দটি বারামহন বা বামুন হয়ে থাকে। |
| ৫৬ | যাব্য তুমার সাথে / তুমার খাব্য নাই খাব্য আমার গাঁট্যে। | গাঁট | মোট বা বোঝা। | সং গ্রন্থি। তদ্‌বি. | স্বনির্ভর নারীর প্রেমে জয়। | | |
| ৫৭ | এতটুকুন ফুঁক্যার‍্যে এঁ্যাড়্যা গরু হ্যাঁকার‍্যে। | ১. ফুঁক্যার‍্যে<br>২. হাঁক্যার‍্যে | ১. ফুঁ করা।<br>২.চিৎকার করে কথাবলা। | ১.সং ফুৎকার> ফুকক্যার>ফুকার।<br>২.হক্কার | রোগা পাতলা লোকের গলার জোর বেশি। | | প্রবাদটিতে পুত্রের ব্যবহারে (চিৎকার) অসহ্য মনে হয়। |
| ৫৮ | আড়ে নাই অসাড়ে। | অসাড় (অসার) | প্রশস্ত | সং গ্রস্থ>প্রসার> অসার। | দৈর্ঘ্যেও নেই প্রস্থেও নেই। | | কাজে নেই অকাজে বেশি। বাঁকুড়াবাসীর মুখে অসার হয়েছে অসাড়। |
| ৫৯ | বাউরি য্যখন লক্ষী ছাড়্যে / বরাকে ত্যখন ঝাঁট্যা মার‍্যে। | ১. বরা<br>২. বাউরি | ১. জন্তু বিশেষ, শূকর।<br>২. নিম্ন শ্রেণীরবাঙালি হিন্দু জাতি বিশেষ। | ১. সং বরাহ। তদ্‌<br>২. সং বগুরা। | বাউরি জাতির উপার্জনের রাস্তা হল বরা পশু পালন। কপাল খারাপ হলে উপার্জনের রাস্তা বন্ধ হয়। | | পরম্পরাগত বাউরি সম্প্রদায়ের বরা চাষের কথা তুলে ধরা হয়েছে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৬০ | বরার মুখে শাঁকালু। | বরা | ১. জন্তু বিশেষ, শূকর। | ১. সং বরাহ। তদ্ | বেমানান কারণ বরা শাকাহারি হয় না। | | কালো শূকরের মুখে সাদা শাঁখআলু বৈচিত্র্য সৃষ্টি করে। |
| ৬১ | ঘণ্ডাই ত্যাল নাই আলয় খিরকুট্টি। | ঘণ্ডা | ধাতু নির্মিত তেল রাখার পাত্র। | সং ঘট। বি. | কোথাও কিছু নেই বড়ো বড়ো কথা। | | আলোয় খিরকুট্টি হল আলোয় পরিপূর্ণ। |
| ৬২ | এক পয়সা নাই ঝুলিতে / লাফ দিচ্চে কুলিতে। (বড়জোড়া) | কুলিতে | গ্রামের রাস্তা বা খালের পাড়। | কুল+ই (প্রত্যয়)। বি. | পকেটে টাকা নেই মুখে বাহাদুরি। | টাকা নাই ঝুলিতে / ঝাঁপ দিচ্ছে নদীতে।(বড় জোড়া) | |
| ৬৩ | উল্টা নামে হুড়কা ঘুচা। | ১. হুড়কা ২. খিল ৩. ঘুচা | ১. দরজার অর্গল। ২. খিল বা লক। ৩. অপসারণ বা সরানো। | ১. অর্গল> হুড়ুক্ক সং গুহাকৃত্যক। বি. ২. সং কীল। বি. ৩. | পরবর্তী প্রজন্মের খারাপ কিছু করাকে সর্তক করে। | উল্টা নামে খিলটা ঘুচা। (বিষ্ণুপুর) | |
| ৬৪ | জায়ের মায়ের কাল্লা ফুল। | কাল্লা | উচ্ছে বা করলা। | সং করবেল্ল > করল্লা> কাল্লা। | সম্পর্ক : জায়ের মায়ের সাথে বধূর সম্পর্ক তিক্ত। | | |
| ৬৫ | বুদ্ধি থাকলে কলঙ্গাতেও ছেল্যা হয়। | কলঙ্গা | জিনিস পত্র রাখার তাক বা মাটির দেওয়ালের | সং কুট+সং অঙ্গক বা আঙ্গিক। বি. | জায়গা ছোট হলেও ক্ষতি নেই দরিদ্র নারীর উপস্থিত | | কোথাও কোথাও কুলুঙ্গিও বলা হয়। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | গায়ে ছোটো তাক করে দ্রব্য রাখার স্থান। | | বুদ্ধিতে ক্ষুদ্র স্থানেও ছেলে হয় অর্থাৎ সংসার সুখের হয়। | | |
| ৬৬ | ওলো গিদারি বিটি / মাটির ঘর আর ভাতার আছে সবারই। | গিদারি | অহংকারী (স্ত্রীলিঙ্গ) | হি.গীদড় । বি. | অহংকারী নারীর প্রতি অবজ্ঞা প্রদর্শন। | | |
| ৬৭ | জানে নাই সানন্দা ধরত্যে / উঠে গেছ্যে বাঁশ ক্যাটত্যে। (জয়পুর) | সানন্দা | হাতল বিহীন ছোট দা। | ছেদ+না প্র. সং ছিদ্র। বি. | অনভিজ্ঞ মানুষের কাজ সুসম্পন্ন হয় না। | জানে নাই বাঁশ ক্যাটত্যে / উঠে গেছে ভোর থাকত্যে। (জয়পুর) | প্রবাদটিতে ভিন্ন ধর্মী জীবিকার কথা তুলে ধরা হয়েছে। |
| ৬৮ | এমন কথার ফন্দি না হলার ভিতর মাছ নাইক ঝলাটা রইল বন্দি। | হলা | বাঁশের সরু বা কাঠের তৈরী জাল। | সং শলাকা> শলা>হলা। | অসাধ্য সাধন নারীর প্রতি। | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৬৯ | ঠিকাদারের খাটালি / ধুড়ুক ধুড়ুক দৌড়ালি। | ধুড়ুক ধুড়ুক | ধড়ফড় করা। | তু দুরুদুরু। অনু। অব্যয়। | ঠিকামজুরের কর্ম স্থল কখনো স্থায়ী হয়না। তাকে যত্রতত্র গিয়ে কর্ম সম্পন্ন করতে হয়। | | বাঁকুড়াবাসীর নিকট ঠিকাদার হর ঠিকা-মজুর। |
| ৭০ | য্যা আল্য চষ্যে / সে রইল বস্যে / লাড়্যাকাট্যা কে ভাত দ্যাও ঠেস্যে ঠেস্যে। | লাড়্যাকাট্যা | লাড়াকাটা অর্থ শুকনো ধান গাছ কাটা। | সং নাল>নাড়া। বি. | একজন পরিশ্রম করছে অপরজন ফল পাচ্ছে। | | |
| ৭১ | বিয়াই খ্যায়েঁ ল্যে খ্যায়েঁ লে সরু ধানের চিঁড়্যা / আগলি ধারে জল ঘটিটা পিছলি ধারে পিঁড়্যা। | ১. আগলি<br>২. পিছলি | ১.সামনে<br>২. পিছনে | ১. সং অগ্র। আগ+লি।প্র।<br>২. সং পশ্চাৎ। পিছ+লি। প্রত্যয় | নতুন ধানের চিঁড়ে সুস্বাদু হয়। বেয়ানকে আপ্যায়ণ করে খাওয়ানোর কথা ফুটে উঠেছে। | | নবান্ন উৎসবে ঘরে ঘরে নতুন ধানের চিঁড়া কুটা বিশেষ রীতি। |
| ৭২ | বেশি সাদা হইল্যে বইলব্যেক কুঠ্যা। | কুঠা | কুষ্ঠ রুগী | সং কুষ্ঠ (কথ্য)। বি. | অতিরিক্ত কিছু ভাল না। | বেশি সাদা হলে বলব্যেক রগা। (বিষ্ণুপুর) | |
| ৭৩ | সরু সরু হাওয়া দিচ্ছে পুয়া বাগানে / তোর শালাদের ঘুম পাচ্ছে ভরা যৌবনে।। | পুয়া | চারাগাছ | সং পোত্ । বি. | সঠিক সময়ে সঠিক কাজ করার পরামর্শ। | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৭৪ | কুথাউ কিছু নাই ফফর দালালি। | ফফর দালালি | যে ব্যক্তি অযাচিত ভাবে মাতব্বরি করে / অপরের ব্যপারে হস্তক্ষেপ করে, উপর পরা হয়ে। | হি. ফফড়+আ. দালাল। বি. | সেই সব মানুষ যারা কথায় বেশি কাজে কম। | ইদিক নাই উদিক খুব (বিষ্ণুপুর) | |
| ৭৫ | আলালি গেল্য মইরত্যে তিনজন গেল্য ধইরত্যে /ও আলালি মরিস না / লোক হাঁসিটা করুস না। | আলালি | গুরুত্বহীন নারী।(তুচ্ছা র্থে) | বৈদিক অললা। বিণ. | | | |
| ৭৬ | হিয়াঁয় নাই হুঁয়ায় দড় / আহম্মকের পাততাড়িট্যা বড়। | পাততাড়ি | থালার বা বোঝার তাড়ি। | সং পাত্র (থালা) সং অর>তাড়া>তাড়ি (বোঝা) | অহংকারি মানুষের কাজের থেকে কথা বেশি। | | |
| ৭৭ | কি কইরব্যেক বেতন্যে / মেরে দুব খ্যাঁটন্যে। | খ্যাটন | পরিশ্রম | সং খাটিয়া> খাটুনি। অস. ক্রি. | পরিশ্রমী ব্যক্তির কাছে অর্থ উপার্জন করা কঠিন পথ নয়। | | |
| ৭৮ | কুঠার আবার চানজলের ভয়। | ১. কুঠা<br>২. ঠুঁট্যা | ১. কুষ্ট রোগী<br>২. কুষ্ট রোগী | ১. সং কুষ্ঠ (কথ্য)। বি.<br>২. কুঠা>ঠুট্যা | গরীবের স্বপ্ন পূরণ সহজ হয় না। | ঠুঁট্যার আবার চানজলের ভয়। | কুঠ্যা-শ্বেতী রোগ। ঠুঠ্যা-কুষ্ঠ রোগ। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৭৯ | নাইক মাগীর খাইক বেশি / নির্ধনা মাগীর গরব বেশি। | ১.নাইক<br>২. খাইকো<br>৩. গরব | ১. যার অর্থ নেই।<br>২. যার খাওয়া বেশি।<br>৩. গর্ব। | ১. না ঞর্থক। নাই‘ক’ সার্থিক প্রত্যয়। (আঞ্চলিক)।<br>২. খাই‘ক’ সার্থিক প্রত্যয়(আঞ্চলিক)।<br>৩. সং গর্ব। | | | |
| ৮০ | কাঁচের চুড়িহি নখপালিশ লালরঙের টিপপাত / পায়ের তড়া ফুলাম তেল আর দিবেক জরির ফিতা। | ফুলমতেল | সুগন্ধী যুক্ত মাথার তেল। | সং ফুল্ল>ফুল+ অম্= ফুলম। | পুরুষতান্ত্রিক সমাজে পরমুখাপেক্ষী নারীর রূপসজ্জা বর্ণনা। | | |
| ৮১ | অ্যাকই সিঁন্দুর সবাই পরে / কপাল গুণে ঝিলিক মার‍্যে। | ঝিলিক | হঠাৎ দীপ্তি দেওয়া। | সং ক্ষরক +-ক। তদ্ | ভাগ্য সুপ্রসন্ন হলে কপালের সিন্দুঁর চকচক করে। | | |
| ৮২ | ঢ্যোটা গরুর চেয়ে শূন্য গুহাইল ভাল্য। (খাতড়া) | ১. ঢ্যোটা<br>২. গুহাইল | ১. নিলজ্জ, বদমাস।<br>২. গোয়ালঘর। | ১. সং ঠেট; ধৃষ্ট হি,<br>২. সং গোশাল। বি. | কোনো কিছু খারাপ থাকার চেয়ে না থাকা ভালো। | কানা গরুর চেয়ে শূন্য গোয়ার ভাল। (পাত্রসায়ের)<br>কানা গরুর চাইত্যে শুন্য গুয়াল ভাল্য (বিষ্ণুপুর) | |
| ৮৩ | নাইচত্যে জানে নাই এ্যগনার দোষ। (সারেঙ্গা) | ১. এ্যাগনা<br>২. বাঁক্যা | ১. সং অঙ্গন> আঙ্গিনা।<br>২. সং বঙ্ক> বাঁক। বি. | ১. বাড়ির ভেতরের উঠান বা ফাঁকা জায়গা।<br>২. সমান নয় এমন। | নিজের দোষ ঢাকতে গিয়ে অন্যের ওপর দোষারোপ করা। | নাচত্যে জানে নাই উঠান ব্যাঁকা। (জয়পুর)। নাচতে জানে না উঠনের দোষ। (বীরসিংহ) | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৮৪ | রথ দেইকখ্যা কলা বিচা। | বিচা | বিক্রয় | ক্রি. সং+ বি>বিকা।বি. | এক যাত্রায় অনেক ফল। | | |
| ৮৫ | যে দিনচ্ছে সিতায় সিন্দুঁর / সে আস্যে নাই লিত্যে / আমার রং লাগে নাই যেত্যে। | সিতায় | সিঁথি | সং সীমন্ত। | স্বামীর প্রতি স্ত্রীর অভিমান। | | |
| ৮৬ | তামুক খ্যায়্যেঁ দাঁত ক্যাল্য / লকে বল্যে আছ ভাল্য। | তামুক | তামাক পাতার গুঁড়ো। নেশার জিনিস। গুড়াকু। | তামঅ >তামাক। ট্যাবাক্Tabaco (স্পেনীশ)। তদ্। বি. | ধনী গৃহে জীবনযাপন করলেও ভেতরে সুখ-শান্তির অভাব বিরাজমান। | শালুক খেয়ে দাঁত কাল / লকে বলে আছ ভাল। (বিষ্ণুপুর) | নারী মনের গোপন হাহাকার ফুটে উঠেছে। |

পরিশেষে বলা যায়, বাঁকুড়ার বাংলা প্রবাদে ব্যবহৃত নিজস্ব শব্দগুলি এক বিশিষ্ট মাত্রা দান করেছে। রক্ষণশীল মানুষের মুখে প্রবাদ ব্যবহারের বাচন ভঙ্গিগুলি, অন্য অঞ্চলের মান্য ভাষাভাষী মানুষের বাচনভঙ্গির সাথে বৃহৎ তারতম্যের সৃষ্টি করেছে। প্রবাদে নিজস্ব শব্দগুলির উৎসগত দিকটিতে তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশী, হিন্দি, আরবী, ফরাসি শব্দের প্রয়োগ পরিলক্ষিত হয়। বস্তুতঃ রুক্ষ আবহাওয়া ও জলবায়ুগত কারণে, যোগাযোগের অভাব, রক্ষণশীল মনোভাব, উচ্চারণগত ত্রুটির কারণে কথ্যভাষা ব্যবহারে স্বাতন্ত্র্যতা এনেছে। ফলে বাঁকুড়া জেলার মানুষগুলির মুখে উচ্চারিত ভাষাকে (নিজস্ব শব্দভাণ্ডার) সহজেই শনাক্তকরণ করা যায়। ক্ষেত্রসমীক্ষা ভিত্তিক প্রবাদের মধ্যদিয়ে দৈনন্দিন জীবনের বাকব্যবহারের রীতিটিকে তুলে ধরে তার অর্থ, উৎস, মন্তব্যগুলির গুরুত্ব যে কতখানি তা দেখানো হয়েছে যা গবেষকদের, আগ্রহী পাঠক-পাঠিকাদের নিকট হয়ে উঠেছে স্বর্ণখনির আধার।

---

তথ্যসূত্র :

১. সংসদ বাংলা অভিধান, পঞ্চম সংস্করণ, নভেম্বর ২০০০, শিশু সাহিত্য সংসদ প্রাইভেট লিমিটেড, কলকাতা-০৯।

২. আকাদেমি বানান অভিধান, নীরেন্দ্রনাথ চক্রবর্তী, শঙ্খ ঘোষ সহ অন্যান্য উপসমিতি, ষষ্ঠ সংস্করণ, জানুয়ারি, ২০০৮, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, কলকাতা-২০।

৩. বাংলা একাডেমী বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান (অখণ্ড), মহম্মদ সহীদুলাহ,প্রথম প্রকাশ, ১৯৬৫ খ্রীষ্টাব্দ, বাংলা একাডেমী, ঢাকা-১০০০।

৪. সুকুমার সেন,'ব্যুৎপত্তি - সিদ্ধার্থ বাংলা - কোষ', প্রথম প্রকাশ, ২০ মে, ২০০৩, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, কলকাতা-২০।

৫. হরিচরণ বন্দ্যোপাধ্যায়, বঙ্গীয় শব্দকোষ, প্রথমখণ্ড, প্রথম সংস্করণ, ১৯৬৬, সাহিত্য আকাদেমি, কলকাতা-২৯।

৬. হরিচরণ বন্দ্যোপাধ্যায়, বঙ্গীয় শব্দকোষ, দ্বিতীয়খণ্ড, প্রথম সংস্করণ, ১৯৭৩, সাহিত্য আকাদেমি, নতুন দিল্লী-০১।

তথ্য : * অনু - অনুশব্দ

* অব্য - অব্যয়
* অস. ক্রি - অসমাপিকা ক্রিয়া
* আং - আরবি
* ইং - ইংরাজি
* ক্রি. - ক্রিয়া
* ক্রি. বি. - ক্রিয়াবাচক বিশেষ্য
* ক্রি. বিণ. - ক্রিয়াবাচক বিশেষণ
* তু - তুর্কী
* ধ্বন্যা - ধন্যাত্মক শব্দ
* প্র - প্রত্যয়
* প্রাং - প্রাকৃত
* প্র.বাং - প্রাচীন বাংলা
* ফা - ফারসি
* বাং - বাংলা
* বি - বিশেষ্য
* বিণ - বিশেষণ
* ম. বাং - মধ্যযুগীয় বাংলা
* সং - সংস্কৃত
* সর্ব - সর্বনাম
* স্ত্রী - স্ত্রী লিঙ্গ
* হি - হিন্দি
* সান - সানতালি
* < পরবর্তী শব্দ থেকে ব্যুৎপন্ন
* > পূর্ববর্তী শব্দ থেকে ব্যুৎপন্ন
* ✓ধাতু